

(সংশোধিত সার্কুলার)

সম্মানিত সকল সদস্যগণের জন্য

বিষয়ঃ তৈরি পোশাক শিল্প কারখানাসমূহে ফুয়েল কার্ড সংগ্রহে তথ্যাবলি প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বর্তমানে ইরান-যুক্তরাষ্ট্র-ইসরাইল যুদ্ধ ও বৈশ্বিক বৈরিতার প্রেক্ষিতে জ্বালানি সরবরাহে অচলাবস্থা সৃষ্টি হয়েছে, ফলে চাহিদা অনুযায়ী জ্বালানি পাওয়া যাচ্ছে না এবং দেশের তৈরি পোশাক শিল্প তীব্র সংকটে রয়েছে। এই পরিস্থিতি মোকাবেলা ও শিল্প উৎপাদন সচল রাখতে বিজিএমইএ পরিচালনা পর্ষদ গত ১৩ এপ্রিল ২০২৬ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের সাথে সভাপতিসহ বৈঠক করে কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে।

উক্ত প্রেক্ষিতে, প্রতিষ্ঠানের পক্ষে জ্বালানি সংগ্রহকারী কর্মকর্তার নাম, পদবি ও ছবিসহ ফুয়েল কার্ড সংক্রান্ত তথ্য নিম্নোক্ত লিঙ্কের মাধ্যমে আগামী ১৯/০৪/২০২৬ তারিখের মধ্যে জরুরিভিত্তিতে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, আজ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (BPC)-এর চেয়ারম্যান মহোদয়ের সাথে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী, পূর্বে প্রেরিত গুগল ফর্মে অতিরিক্ত একটি তথ্য সংযোজন করা হয়েছে, যা হলো আপনাদের প্রেরিত ফিলিং স্টেশন/স্টেশনগুলো কোন ডিপো (Depot) থেকে জ্বালানি সংগ্রহ করে তার নাম (যেমনঃ পদ্মা, মেঘনা, যমুনা)।

সম্মানিত সকল সদস্যদেরকে নিম্নোক্ত লিঙ্কের মাধ্যমে পনরায় ফরমটি পূরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

লিংকঃ <https://forms.gle/oLVnHzJ5PxPmmR2k8>

ধন্যবাদান্তে,



মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)